

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং- ১৩৫-আইন/২০২৪/২৪১-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

- (১) বিধি ৩৮ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “দফা (খ) এর” শব্দগুলি, বন্ধনী ও বর্ণ বিলুপ্ত হইবে;
- (২) বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর উপ-দফা (ঈ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (ঈ) প্রতিস্থাপিত হইবে, যথা:-
“(ঈ) সরবরাহ মূল্য ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকার অধিক হইলে ক্রেতার নাম, ঠিকানা ও ব্যবসা সনাক্তকরণ সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে);”
- (৩) বিধি ৭৫ এ উল্লিখিত “নিম্নবর্ণিত” শব্দের পর “পদ্ধতিতে” শব্দ সন্নিবেশিত হইবে; এবং

(৪) ফরম “মূসক ৬.৩” এর পরিবর্তে নিম্নরূপ ফরম “মূসক ৬.৩” প্রতিস্থাপিত হইবে, যথা:-

“গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

মূসক-৬.৩

কর চালানপত্র
[বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (গ) ও (চ) দ্রষ্টব্য]

নিবন্ধিত ব্যক্তির নাম:
নিবন্ধিত ব্যক্তির বিআইএন:
চালানপত্র ইস্যুর ঠিকানা:

ফ্রেতার নাম: চালানপত্র নম্বর:
ফ্রেতার বিআইএন (প্রযোজ্য ক্ষেত্রে): ইস্যুর তারিখ:
ফ্রেতার ঠিকানা: ইস্যুর সময়:
সরবরাহের গন্তব্যস্থল:
যানবাহনের প্রকৃতি ও নম্বর:

ক্রমিক	পণ্য বা সেবার বর্ণনা (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নাম সহ)	সরবরাহের একক	পরিমাণ	একক মূল্য ^১ (টাকায়)	মোট মূল্য (টাকায়)	সম্পূরক শুল্কের হার	সম্পূরক শুল্কের পরিমাণ (টাকায়)	মূল্য সংযোজন করের হার/ সুনির্দিষ্ট কর	মূল্য সংযোজন কর/সুনির্দিষ্ট কর এর পরিমাণ (টাকায়)	সকল প্রকার শুল্ক ও করসহ মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
সর্বমোট=										

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম:
পদবি:
স্বাক্ষর:

সিল:

^১সকল প্রকার কর ব্যতীত মূল্য”।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(হোসেন আহমদ)
সদস্য (মূসক নীতি)